

৮৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৩ শাখা
গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd



নম্বর: ২৩.০০.০০০০.০০০.০৩০.১২.০০০২.২৬.১৫৬

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.১০৪.০১২.৪৩.২৪-১৫৫ নম্বর স্মারকের সুপারিশ অনুসারে, গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুযায়ী গুপ্তসংকেত পরিদপ্তরের পদোন্নতির কোটায় পূরণযোগ্য উক্ত পরিদপ্তরের 'সাইফার অফিসার'-এর ০১(এক)টি শূন্যপদে জনাব শামীমা আক্তার-কে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ৯ম গ্রেড, টাকা ২২,০০০-৫৩০৬০/- বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিয়োক্ত শর্তে পদোন্নতি প্রদান করা হলো:

(ক) ইতোমধ্যে সংশ্লিষ্ট বিষয়ে আদালতে কোনো মামলার স্থগিতাদেশ/পদ সংরক্ষণের আদেশ/বিভাগীয় মামলা হয়ে থাকলে তা নিষ্পত্তি বা এতদসংক্রান্ত সকল আদেশ প্রতিপালন সাপেক্ষে পদোন্নতি কার্যকর হবে;

(খ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর অনুচ্ছেদ-৬(১)(খ) বিধি অনুযায়ী যোগদানের তারিখ থেকে তিনি ০১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে নিয়োজিত থাকবেন, তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশীর মেয়াদ ০১(এক) বছর বৃদ্ধি করতে পারবে;

(গ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতি প্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাকে পূর্বতন পদে পদাবনতি (revert) করতে পারবে; এবং

(ঘ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশীর মেয়াদ পূর্তি এবং সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭-০৯-২০২৬

মোঃ ভাষানী মিজা

সহকারী সচিব

ফোন : ০২-২২২২৪৪১৬৭

ইমেইল : d3@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০০০.০৩০.১২.০০০২.২৬.১৫৬/১ (৮)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিপিএসসি, আগারগাঁও, ঢাকা (বার্ষিক গোপনীয় অনুবেদনের প্রাপ্তি স্বীকারসহ)।
- ৪। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, ঢাকা (বার্ষিক গোপনীয় অনুবেদনসমূহ ফেরতসহ)।
- ৫। উপপরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিএএফও, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা।

৭। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। জনাব শামীমা আক্তার, সহকারী সাইফার অফিসার, গুপ্তসংকেত পরিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।



২৭-০৯-২০২৬

মোঃ ভাবানী মির্জা

সহকারী সচিব